

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৪৭০০.০৪২.১৪.০৪৬.১৭. ২৬৬৬

তারিখঃ ০৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ খুলনা জেলা পরিষদের স্মারক নং-খুজেপ/প্রকৌঃ/এক-জি/২০১৭-১৮/১৩৫১, তারিখঃ ১৬/১১/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের অনুকূলে ৪,৭০,০০,০০০/- (চার কোটি সত্তর লক্ষ) টাকায় গৃহীত ২৫৩টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৬৪, ১০৮, ১০৯, ১১০, ১৩০, ১৬৮ ও ১৯৫ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৪,৫৬,২৫,০০০/- (চার কোটি ছাপ্পান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২৪৬টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, খুলনা কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ খুলনা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৬৪ এ বর্ণিত প্রকল্পটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন সংক্রান্ত, ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় গৃহীত ক্রমিক নং-১৩০ এ বর্ণিত টাকার প্রকল্পটি ছাগলাদাহ ইউঃ ধানখালী এস,এম, মোস্তফা রশিদী যা স্পষ্ট নয় এবং ৯,৭৫,০০০/- (নয় লক্ষ পঁচাত্তর হাজার) টাকায় গৃহীত ক্রমিক নং-১০৮, ১০৯, ১১০, ১৬৮, ১৯৫ এ বর্ণিত টাকার প্রকল্পসমূহ ব্যক্তি মালিকানাধীন কিভারগার্টেন স্কুলের উন্নয়ন সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


২৭/১২/১৭

(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫ ৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।